সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৯০৮

২৪/ হজ্জের নিয়ম পদ্ধতি (كتاب مناسك الحج)

পরিচ্ছেদঃ ১২৬. কা'বা ঘরে প্রবেশ করা

دُخُولُ الْبَيْتِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْأَعْلَى قَالَ حَدَّثَنَا خَالِدٌ قَالَ حَدَّثَنَا ابْنُ عَوْنٍ عَنْ نَافِعٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ أَنَّهُ انْتَهَى إِلَى الْكَعْبَةِ وَقَدْ دَخَلَهَا النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَبِلَالٌ وَأُسَامَةُ بْنُ زَيْدٍ وَأَجَافَ عَلَيْهِمْ عُثْمَانُ بْنُ طَلْحَةَ الْبَابَ فَمَكَثُوا فِيهَا مَلِيًّا ثُمَّ فَتَحَ الْبَابَ فَخَرَجَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَرَكِبْتُ الدَّرَجَةَ وَدَخَلْتُ الْبَيْتَ فَقُلْتُ أَيْنَ صَلَّى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالُوا هَا هُنَا وَنَسِيتُ أَنْ أَسْأَلَهُمْ كَمْ صَلَّى فِي الْبَيْتِ

বাংলা

২৯০৮. মুহাম্মদ ইবন আবদুল আ'লা (রহঃ) ... আবদুল্লাহ্ ইবন উমর (রাঃ) থেকে বর্ণিত। তিনি কা'বা শরীফের নিকট পৌঁছলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, বিলাল এবং উসামা ইবন যায়ীদ (রাঃ) কাবাঘরে প্রবেশ করলেন, তাদের প্রবেশের পর উসমান ইবন তালহা দরজা বন্ধ করে দিলেন। তাঁরা কিছুক্ষণ তথায় অতিবাহিত করলেন। তারপর দরজা খোলা হলো এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বের হলেন, আর আমি সিঁড়িতে চড়ে কা'বা ঘরে প্রবেশ করলাম এবং জিজ্ঞাসা করলামঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোথায় সালাত আদায় করলেন? তারা বললেনঃ এ স্থানে। আর আমি তাদেরকে একথা জিজ্ঞাসা করতে ভুলে গিয়েছিলাম যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কত রাকাআত সালাত আদায় করেছিলেন

English

It was narrated from Abdullah bin Umar that:
he came to the Kabah when the Prophet, Bilal and Usamah bin Zaid had enter it, and Uthman bin Talhah had shut the door. They stayed there for a while, then he opened the door and the Prophet came out. I (Ibn Umar) Climed the steps and entered the House and said: "Where did the Prophet pray?" They said: "Here." And I forgot to ask them how many (Rakahs) the

Prophet had prayed inside the House.

ফুটনোট

তাহক্বীকঃ সহীহ। সহীহ আবু দাউদ ১৭৬৬, তা'লীক আলা ইবন খুযাইমাহ ৪/ ৩৩১/৩০০৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76937

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন